

**Class 3**  
**Bengali**

কবিতা-ভাঙা পুতুল ।  
কবি-প্রেমেন্দ্র মিত্র।

ভাঙা পুতুল ।  
খুকুর একটি পুতুল ছিল  
একটি পা তার ভাঙা  
হঠাৎ কিসের খেয়াল গেল  
যাবে বাবুলডাঙা।  
বাবুলডাঙা কোথায় যে সে  
কোন্ সে নদীর পার  
কত পাহাড় পেরিয়ে সে কোন্  
গহন বনের ধার।

প্রেমেন্দ্র মিত্র।

**শূন্যস্থানে ঐ-কার যোগে বর্ণ বসায়।**

ক)..... নাক।

উত্তর-মৈ।

খ)..... কত।

উত্তর-সৈ।

গ).....রিক।

উত্তর-গৈ।

ঘ).....নিতাল।

উত্তর-নৈ।

ঙ).....কাল।

উত্তর-বৈ।

চ)....থালি।

উত্তর-কৈ।

**প্রশ্নোত্তর।**

ক)ঐ-কার যোগে শব্দ লিখ।

উত্তর-মৈনাক,সৈকত,বৈকাল,বৈশাখ,নৈনিতাল,শৈশব।

খ)হৈমবালা কোথায় থাকে?

উত্তর-হৈমবালা বৈশালিতে থাকে।

গ)হৈমবালির জাতি পরিচয় কি?

উত্তর-হৈমবালার জাতি পরিচয় হল সে জৈন।

ঘ)হৈমবালার ছোটো বোনের নাম কী?

উত্তর-হৈমবালার ছোটো বোনের নাম হল শৈলবালা।

ঙ)কে তৈল মেখে নদীতে সাঁতার কাটে?

উত্তর-শৈলবালার ছেলে মৈনাক তৈল মেখে নদীতে সাঁতার কাটে ।

চ)কে গান শেখে?

উত্তর-সৈকত গান শেখে।

ছ)কে ছবি আঁকে?  
উত্তর-গৈরিক ছবি আঁকে।

কবিতা-ভাই আর বোন। কবি-বন্দে আলি মিঞা।

ভাই আর বোন।

ছোটো দুই ভাই আর বোন  
এক জোড়া পাখির মতন।  
সারাদিন ঘোরে পাড়াময়  
তাহাদের পর কেহ নয়।  
সবাকার কাছে তারা আসে  
তাহাদের সবে ভালোবাসে  
কচি কচি দুটি ভাই বোন  
তাহারা গো সবার আপন।

বন্দে আলি মিঞা।

শূন্যস্থানে ও-কার যোগে বর্ণ বসাও।

ক).....ল।  
উত্তর-গো।  
খ).....লা।  
উত্তর-খো।  
গ).....টা।  
উত্তর-মো।  
ঘ).....লা।  
উত্তর-দো।  
ঙ).....র।  
উত্তর-ভো।

প্রশ্নোত্তর।

ক)ও-কার যোগে শব্দ লিখ।  
উত্তর-লোক,গোল,ভোর,রোজ,মোটা,দোলা।  
খ)কে আজকের খেলায় গোল করেছে?  
উত্তর-ভোলা আজকের খেলায় গোল করেছে।  
গ)কোন মাঠে খেলা হয়েছিল?  
উত্তর-দোলতলার মাঠে খেলা হয়েছিল।  
ঘ)ভোলার কেমন মাঠ ভালো লাগে?  
উত্তর-ভোলার খোলা মাঠ ভালো লাগে।  
ঙ)ভোলার বোনের বাড়ি কোথায়?  
উত্তর-ভোলার বোনের বাড়ি বোলপুর।  
চ)কোপাই নদী কোথায়?  
উত্তর-কোপাই নদী বোলপুরে।  
ছ)দোলাপিসির বাড়ি কোথায়?  
উত্তর-দোলাপিসির বাড়ি সোনারুরি গায়ে।  
জ)কে ভূগোলে পড়ান?  
উত্তর-দোলা পিসি ভূগোলে পড়ান।